



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

গণবিজ্ঞপ্তি

নং : বিইআরসি/ট্যারিফ/বিতরণ-১২/বিউবো/অংশ-০২/৩০৫৯


তারিখ : ২৭ ~~সেপ্টেম্বর~~ আগস্ট ২০১৫


বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো) এর বিভিন্ন গ্রাহকশ্রেণির খুচরা বিদ্যুৎ মূল্যহার বিল মাস সেপ্টেম্বর ২০১৫ থেকে বিদ্যুৎ ব্যবহারের ক্ষেত্রে কার্যকর করে নিম্নোক্তভাবে পুনর্নির্ধারণ করা হলো :


ক্রমিক নং	গ্রাহকশ্রেণি	অনুমোদিত খুচরা বিদ্যুৎ মূল্যহার টাকা/কি.ও.ঘ.
১	২	৩
(১)	শ্রেণি—এঃ আবাসিক	
	শ্রেণি—এ-১ঃ মধ্যমচাপ আবাসিক ব্যবহার (১১ কেভি)	
	লাইফ লাইন : ১-৫০ ইউনিট	৩.৩৩
	(ক) প্রথম ধাপ : ১-৭৫ ইউনিট	৩.৮০
	(খ) দ্বিতীয় ধাপ : ৭৬-২০০ ইউনিট	৫.১৪
	(গ) তৃতীয় ধাপ : ২০১-৩০০ ইউনিট	৫.৩৬
	(ঘ) চতুর্থ ধাপ : ৩০১-৪০০ ইউনিট	৫.৬৩
	(ঙ) পঞ্চম ধাপ : ৪০১-৬০০ ইউনিট	৮.৭০
(চ) ষষ্ঠ ধাপ : ৬০০ ইউনিটের অধিক	৯.৯৮	
(২)	শ্রেণি—বি : কৃষিকাজে ব্যবহৃত পাম্প	৩.৮২
(৩)	শ্রেণি—সি : ক্ষুদ্র শিল্প	
	(ক) ফ্ল্যাট	৭.৬৬
	(খ) অফ-পীক সময়ে	৬.৯০
(গ) পীক সময়ে	৯.২৪	
(৪)	শ্রেণি—ডি : অনাবাসিক বাতি ও বিদ্যুৎ	৫.২২
(৫)	শ্রেণি—ই : বাণিজ্যিক ও অফিস	
	(ক) ফ্ল্যাট	৯.৮০
	(খ) অফ-পীক সময়ে	৮.৪৫
(গ) পীক সময়ে	১১.৯৮	
(৬)	শ্রেণি—এফ : মধ্যমচাপ সাধারণ ব্যবহার (১১ কেভি)	
	(ক) ফ্ল্যাট	৭.৫৭
	(খ) অফ-পীক সময়ে	৬.৮৮
(গ) পীক সময়ে	৯.৫৭	


ক্রমিক নং	গ্রাহকশ্রেণি	অনুমোদিত খুচরা বিদ্যুৎ মূল্যহার টাকা/কি.ও.ঘ.
১	২	৩
(৭)	শ্রেণি—জি-২ : অতি উচ্চচাপ সাধারণ ব্যবহার (১৩২ কেভি) (ক) ফ্ল্যাট (খ) অফ-পীক সময়ে (গ) পীক সময়ে	৭.৩৫ ৬.৭৪ ৯.৪৭
(৮)	শ্রেণি—জি-৩ : অতি উচ্চচাপ সাধারণ ব্যবহার (২৩০ কেভি) (ক) ফ্ল্যাট (খ) অফ-পীক সময়ে (গ) পীক সময়ে	৭.২৫ ৬.৬৬ ৯.৪০
(৯)	শ্রেণি—এইচ : উচ্চচাপ সাধারণ ব্যবহার (৩৩ কেভি) (ক) ফ্ল্যাট (খ) অফ-পীক সময়ে (গ) পীক সময়ে	৭.৪৯ ৬.৮২ ৯.৫২
(১০)	শ্রেণি—জে : রাস্তার বাতি ও পানির পাম্প	৭.১৭


- ২। লাইফ-লাইন (১-৫০ ইউনিট) গ্রাহকশ্রেণির ক্ষেত্রে বিদ্যমান খুচরা বিদ্যুৎ মূল্যহার অপরিবর্তিত থাকবে। এ মূল্যহারের সুবিধা আবাসিক শ্রেণির অন্য গ্রাহকগণ পাবেন না।
- ৩। আবাসিক গ্রাহকশ্রেণির দ্বিতীয় ধাপ থেকে ষষ্ঠ ধাপে বিদ্যুৎ ব্যবহারকারী সকল গ্রাহক পূর্ববর্তী ধাপ/ধাপসমূহের মূল্যহারের সুবিধা পাবেন।
- ৪। 'মধ্যমচাপ আবাসিক ব্যবহার (১১ কেভি)' এবং 'অতি উচ্চচাপ সাধারণ ব্যবহার (২৩০ কেভি)' গ্রাহকশ্রেণির ক্ষেত্রে বিদ্যুৎ সংযোগ, মিটারিং, বিলিং পদ্ধতি, অন্যান্য চার্জ (ন্যূনতম/ডিমাণ্ড/সার্ভিস/বিবিধ), জামানত এবং সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে কমিশন পৃথক আদেশ/নির্দেশনা জারী করবে।
- ৫। অন্য সকল গ্রাহকশ্রেণির ক্ষেত্রে বিদ্যমান ন্যূনতম চার্জ, সার্ভিস চার্জ, ডিমাণ্ড চার্জ, বিলম্ব-পরিশোধ মাশুল এবং প্রচলিত মূল্য সংযোজন কর অপরিবর্তিত থাকবে।
- ৬। 'মধ্যমচাপ আবাসিক ব্যবহার (১১ কেভি)' এবং 'অতি উচ্চচাপ সাধারণ ব্যবহার (২৩০ কেভি)' গ্রাহকশ্রেণির ক্ষেত্রে বিদ্যমান হারে বিলম্ব-পরিশোধ মাশুল এবং মূল্য সংযোজন কর প্রযোজ্য হবে।
- ৭। খুচরা বিদ্যুৎ সরবরাহের ক্ষেত্রে কমিশন কর্তৃক অনুমোদিত বিদ্যমান অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।
- ৮। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত এ আদেশ বলবৎ থাকবে।


(রহমান মুরশেদ)
সদস্য


(প্রকৌশলী মোঃ দেলোয়ার হোসেন)
সদস্য


(এ আর খান)
চেয়ারম্যান


(মোঃ মাকসুদুল হক)
সদস্য


(ড. সেলিম মাহমুদ)
সদস্য